



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পটুয়াখালী।	
সেবা প্রাপ্ত অফিসার অতিরিক্ত উপবিচারক শসা/পিপি/উদ্যান	তড়িৎ ব্যবস্থা নিন ব্যবস্থা নিন
কৃষি প্রকৌশলী	আলাপ করুন
উন্নয়ন শাখা	
প্রশাসন শাখা	
শি. শা. শাখা	
গুদাম শাখা	
প্রাপ্তি নং- ৪২৫	
তারিখঃ- ১২/৪/২০	

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.৮২০.৩২.০১৭.২২.২২

তারিখ: ২৪ মে ১৪২৮

০৭ এপ্রিল ২০২২

বিষয়: ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদন/তথ্য প্রেরণ।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর ভিশন 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং মিশন 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। সে প্রেক্ষিতে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়ন করে যাচ্ছে। উক্ত কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৮ এর আওতায় "শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ" নির্ধারন আছে। সে প্রেক্ষিতে, শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে চাকরিরত কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১" অনুসরণপূর্বক পুরস্কার প্রদান কার্যক্রম সম্পাদন হবে।

২. পুরস্কার প্রদানের ক্ষেত্র (সদর দপ্তর কর্তৃক): মহাপরিচালকের দপ্তর, সকল উইং, প্রকল্প/কর্মসূচি পরিচালকের দপ্তরে কর্মরত ২-৯ গ্রেডভুক্ত ১ জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন, ১৭-২০ গ্রেডভুক্ত ১ জন এবং আঞ্চলিক কার্যালয়ের প্রধান/কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের প্রধানদের মধ্যে ১ জন করে মোট ৪ জন কর্মকর্তা/কর্মচারী শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

৩. পুরস্কার প্রদানের জন্য বিবেচ্য কর্মকর্তা/কর্মচারীকে ন্যূনতম ৬ মাস সংশ্লিষ্ট কার্যালয়ে চাকরি করতে হবে। কোন কর্মকর্তা/কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার পেলে বদলি বা পদোন্নতি বা অন্য কারণে কার্যালয় পরিবর্তিত হলেও তিনি পরবর্তী ৩ বছরের জন্য পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না।

৪. আঞ্চলিক কার্যালয়ের প্রধান/কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের প্রধানদের আবেদনের সাথে সংশ্লিষ্ট অঞ্চলের ক) ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার অনুলিপি সহ ওয়েব পোর্টালের স্ক্রিনশটের অনুলিপি, খ) শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম, ২য় ও ৩য় প্রান্তিকের অগ্রগতির প্রতিবেদনের অনুলিপি সহ ওয়েব পোর্টালের স্ক্রিনশটের অনুলিপি সংযুক্ত করবেন।

৫. আবেদন ও তথ্য প্রেরণ: আবেদন ও তথ্য (সংযুক্ত ছক মোতাবেক ও প্রযোজ্যক্ষেত্রে প্রমাণকসহ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২০/০৪/২০২২ তারিখের মধ্যে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (দৃ: আ: উপপরিচালক (প্রশাসন), প্রশাসন এ অর্থ উইং) বরাবরে প্রেরণ করবেন।

সংযুক্ত: আবেদন ও ছকসমূহ:

ছক-১: আঞ্চলিক কার্যালয়ের প্রধান/কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের প্রধানদের জন্য।

ছক-২: ২-৯ গ্রেডভুক্ত কর্মকর্তার জন্য।

ছক-৩: ১০-১৬ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীর জন্য

ছক-৪: ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীর জন্য।

উপরিউল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৭-৪-১০১১